


# যুগান্তর

## কওমির দাওরায়ে হাদিসের পরীক্ষা কাল থেকে

প্রকাশ : ২৭ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 হাটহাজারী প্রতিনিধি

‘আল হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ’-এর দাওরায়ে হাদিসের (তাকমিল) পরীক্ষা কাল থেকে যথারীতি চলবে। রাজধানীর সেগুনবাগিচায় বৃহস্পতিবার রাতে প্রতিষ্ঠানটির শীর্ষ ব্যক্তিদের বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। সিদ্ধান্ত হয়, তথ্যপ্রযুক্তি ব্যবহার করে পরীক্ষার দিন হল তত্ত্বাবধায়কের কাছে প্রশ্ন পাঠানো হবে।

বৈঠকে নেয়া অন্য সিদ্ধান্তগুলো হল- আজকের (শুক্রবার) পরীক্ষা হবে না। বৃহস্পতিবার স্থগিত আবু দাউদ শরীফের পরীক্ষা ১ মে অনুষ্ঠিত হবে। তুহাবী শরীফের পরীক্ষা ২ মে দুপুর ২টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চলবে। ৩ মে পরীক্ষা শেষ হবে।

বৈঠকে থাকা মাওলানা মুসলিহ উদ্দীন রাজু বলেন, প্রশ্নফাঁস রোধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে কথা হয়েছে, সম্পূর্ণ নতুন নিয়মে প্রশ্ন পাঠানো হবে। তথ্যপ্রযুক্তির সহযোগিতা নেয়া হবে।

বৈঠকে সভাপতিত্ব করেন সংস্থার কো-চেয়ারম্যান আল্লামা আশরাফ আলী। সেখানে ছিলেন সদস্য মুফতি ওয়াক্কাস, মুফতি রুহুল আমিন, মাওলানা আবদুল কুদ্দুস, মাওলানা মুসলিহ উদ্দীন রাজু, মাওলানা বাহাউদ্দীন যাকারিয়া, মুফতি ফয়জুল্লাহ, মুফতি এনামুল হক, মুফতি মুহাম্মদ আলী, মাওলানা আবদুল হামিদ, মাওলানা মাহফুজুল হক, মুফতি নুরুল আমিন প্রমুখ।

প্রশ্ন ফাঁসের অভিযোগে দাওরায়ে হাদিসের বৃহস্পতিবারের (আবু দাউদ শরীফ) পরীক্ষা স্থগিত করা হয়েছিল ওই দিন। এর আগে প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠায় দাওরায়ে হাদিস (তাকমিল) পরীক্ষা বাতিল হওয়ার পর ২৩ এপ্রিল থেকে পুনরায় পরীক্ষা শুরু হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।